সমকাল

তারিখ ..... 13 Aug 2017
পৃষ্ঠা ...9... কলাম 4......

# পরিত্যক্ত ভবনের বারান্দায় ক্লাস করছে শিক্ষার্থীরা

■ চাঁদপুর প্রতিনিধি

পরিত্যক্ত ঘোষণার আট বছর পেরিয়ে গেছে। কিন্তু এখনও ওই পরিত্যক্ত ভবনের বারান্দায় ঝুঁকি নিয়ে ক্লাস করছে কোমলমতি শিক্ষার্থীরা। পরিত্যক্তের তালিকার প্রথম নামটি এ স্কুলের থাকলেও এর উন্নয়নে সংশ্লিষ্টদের কোনো নজর নেই। যে কোনো মুহূর্তেই ঘটে যেতে পারে দুর্ঘটনা।

৭নং বড়কুল পশ্চিম ইউনিয়নের ৬৯নং সাদ্রা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দুটি ভবনের একটি সম্পূর্ণ পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে প্রায় আট বছর আগে। অন্য ভবনটিও ঝুঁকিপূর্ণের তালিকায়। কয়েকবার স্কুলের প্রধান শিক্ষক হাজীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা ও শিক্ষা কর্মকর্তার কাছে আবেদনও করেন। এর পরিপ্রেক্ষিতে ওই স্কুলভবন নির্মাণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা ডিজি বরাবর চাহিদাপত্র দেন। কিন্তু এখনও ভবন হয়নি। কবে হবে তাও ঠিকমতো বলতে পারছেন না কেউ। সাদ্রা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক হাসিনা আক্তার বলেন, ছাত্রছাত্রীরা স্কুলে আসে, কিন্তু শ্রেণিকক্ষে ঠিকমতো বসার জায়গা দিতে পারি না। স্কুল ভবনে ফাটল, ছাদে ফাটল। বেশিরভাগ সময়েই পাঠদান চলে জরাজীর্ণ ভবনটির বারান্দায়। ভয়ে মাঝে মাঝে আবার কোনো কোনো শিক্ষার্থী স্কুলেও আসতে চায় না। জিজ্ঞেস করলে শিক্ষার্থীরা বলে, 'আমাদের স্কুলটা ভালো লাগে না। এ রকম ক্লাসরুমে বসতেও মন চায় না। আর ভয় তো লাগেই।

চাঁদপুর।

বড়কুল পশ্চিম ইউনিয়নের সাদ্রা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. হাসান মিজি বলেন, এ স্কুলে অনেক ছাত্রছাত্রী ছিল। কিন্তু ভবন ঝুঁকিপূর্ণ হওয়ায় অভিভাবকরা শিশুদের অন্যত্র নিয়ে যাচ্ছেন। কেউ কেউ আবার স্কুলেও আসতে চায় না।

হাজীগঞ্জ উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. জাহাঙ্গীর আলম বুলবুল সরকার বলেন, আমার আগে যিনি এখানে দায়িত্বে ছিলেন তিনিও কয়েকবার তালিকা দিয়েছেন। তবে আমি আসার পর জুলাইয়ের প্রথম দিকে ৩৫টি স্কুলের ভবন নির্মাণের জন্য এমপি ও ইউএনও আমাদের কাছ থেকে একটি তালিকা নিয়েছেন। তালিকার প্রথমেই এ স্কুলটির নাম রয়েছে। কবে নাগাদ এ ভবনগুলোর নির্মাণ কাজ হবে, তা বলতে পারছি না।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....................
তারিখ.....................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রোগ্রামিং কর্মকর্তা
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর